# মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ-সংক্ষিপ্ত ইতিকথা

- পল ডি' কস্তা


## ভূমিকা ঃ

সমবেতভাবে সমমনা মানুষ সমাজের অনিয়ম, আর্থিক অসংগতি দুর, সামাজিক মর্যাদা বৃদ্ধি ও সংঘঠিত করার চেষ্টা করেছে যুগ যুগ ধরে। তাদের চেষ্টায় সমাজ সুসংঘবদ্ধ হয়েছে, সৃষ্টি হয়েছে সামাজিকবন্ধন, নিয়ম-কানুন, দুর হয়েছে সামাজিক অনাচার, অর্থনৈতিক অসংগতি, বৃদ্ধি পেয়েছে সামাজিক সংহতি, মানুষে মানুষে সৌহার্দ ও ভাতৃত্ব। বৃদ্ধি পেয়েছে মানুষের অর্থ-সামাজিক অবস্থা। তারা সংগঠিত হবার ফলে একে অপরের সাথে সহভাগিতা করতে পারেন নিজেদেও দুঃখ-কষ্ট, হাসি-কান্না, ঘুচাতে পারেন নিজেদেও অভাব। আর এ থেকেই সৃষ্টি হয় সামাজিক প্রেরণা, যা পরে সামাজিক এবং সমবায় আন্দোলন হিসাবে আত্ম প্রকাশ করে। ধীরে ধীরে এ সমবায় আন্দোলন আধুনিক সমবায় আন্দোলনের রূপ নেয়। সৃষ্টি হতে থাকে সমবায় ধারণা, ধারণা থেকে নীতি আর নীতি থেকে আজকে আধুনিক সমবায় আইন।

সমবায় সংগঠন দিতে পারে মানুষের অর্থনৈতিক মুক্তির ঠিকানা, স্বাধীনতার স্বাদ, স্বাতন্ত্র নিয়ে সমাজে বসবাসের অধিকার। আজ দারিদ্র বিমোচনের সবচেয়ে সহজ ও গ্রহনযোগ্য মাধ্যম হলো সমবায়, তা সর্বজন স্বীকৃত। মানুষ আজ বুঝে গেছেন সমবায়ই হলো অর্থনৈতিক বুনিয়াদ তৈরী করার একমাত্র মাধ্যম এবং সামাজিক দাঁদন ব্যবসায়ীদের হাত থেকে বাঁচার একমাত্র উপায়। আমাদের মাঝে লুকিয়ে থাকা রক্তচোষা কাবুলি ওয়ালাদের হাত থেকে মুক্তির পথ। তাই সমবায় আন্দোলন আজ আর ভিন্ন কোন আন্দোলন নয় বরং একটি সামাজিক আন্দোলন, অর্থনৈতিক মুক্তির অন্দোলন। এ সমবায় আমাদের স্বপ্ন দেখায়, রচনা করে উন্নত সভ্যতা।

## সমবায় আন্দোলন : বিশ্ব প্রেক্ষাপট

ব্রিটেন ও ফ্রান্স সমবায় আন্দোলনের সূতিকাগার বলে পরিচিত। কেননা সমবায় আন্দোলনের শুরুই হয় এ দুটি দেশ থেকে। তাই এ দেশ দু'টি সমবায় আন্দোলনের আদি-ভূমি হিসাবে আজ বিশ্বে স্বীকৃত। ধারনা করা হয় যে, দ্যা শ্যোর পর্টারস্ সোসাইটি (The Shore Porter's Society) হচ্ছে বিশ্বের অন্যতম প্রাচীন একটি সমবায় সমিতি, যা ১৪৯৮ খ্রিস্টাব্দে আবেরদীনে প্রতিষ্ঠিত হয়। এটি একটি অংশীদারী সংঘ হিসাবে সমাজে পরিচিতি লাভ করে।



প্রথম সময়ের আঙ্গুর রস তৈরীর একটি সমবায় কারখানা

১৭৫২ খ্রিস্টাব্দে বেঞ্জামিন ফ্যাংকলিন (Benjamin Franklin) এর চেষ্টায় ও তত্ত্বাবধানে ফিলাডেলপিয়া কন্ট্রিবিউটরশীপ নামে একটি সমবায় সংগঠন গড়ে উঠে। এ সংগঠনটি আগুনে পুড়ে যাওয়া বাড়ীঘরের ক্ষতিগ্রস্থ মালিকদের ক্ষতিপূরণ দেবার চেষ্টা করতেন।

কাঠামোগতভাবে ১৭৬৯ খ্রিস্টাব্দে ভোক্তা সমবায় সমিতি যাত্রা শুরু করে। যার অস্থায়ী কার্যালয় স্থাপিত হয়েছিল পূর্ব আইশাইয়ারের ফেইনইউকের (Fennwick, East Ayrshire) একটি গ্রাম্য কুঁটিরে। স্থানীয় তাঁতী ও লোকজন হস্ত চালিত যন্ত্র দিয়ে শস্য গুঁড়া করে খাদ্য তৈরী ও বিক্রয় করতো। এরা নিজেদের চেষ্টায় এটি দাঁড় করানোর চেষ্টা করেন এবং ফেনইউক ওয়েভারস সোসাইটি (Fennwick Weaver's Society) নামে একটি সমবায় সংঘঠন গঠন করেন। সংঘঠনটির কার্যালয় ও কারখানা স্থাপিত হয় জন ওয়াকারস হোয়াইটওয়াসড (John Walker's Whitewashed) এর বাইরের একটি করে।

উপরোক্ত পথ পরিক্রমায় পরবর্তী যুগসমূহে সমবায় আন্দোলন আরো গতি পায় এবং বিশ্বের কয়েকটি বড় বড় সমিতি আত্ম প্রকাশ করে। যার একটি হলো লেনোক্সটাউন ফ্রেন্ডলি ভিকটোয়ালিং সোসাইটি (Lennoxtown Friendly Victualling Society) যা ১৮১২ খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়। ১৮৩০ খ্রিস্টাব্দের মধ্যে বিশ্বে সমবায় আন্দোলন প্রচন্ডভাবে বিস্তৃতি লাভ